দৈনিক
ইত্তেফাক

তারিখ 19 NOV 2002
পৃষ্ঠা ৭ কলাম ৭

# যুক্তরাষ্ট্রে বিদেশী ছাত্রের সংখ্যা রেকর্ড পর্যায়ে

## ভারত ও চীনের প্রাধান্য

॥ কলাম্বাস থেকে এপি ॥

মার্কিন যুক্তরাষ্ট্রে বিদেশী ছাত্রের সংখ্যা গত বছর সাত শতাংশ বৃদ্ধি পেয়ে রেকর্ড পর্যায়ে ৬ লাখ ২৪ হাজার দাঁড়িয়েছে। অন্যদিকে মার্কিন ছাত্রদেরও বিদেশে পড়ার হার গত বছর রেকর্ড পর্যায়ে ২ লাখ ৪২ হাজারে পৌঁছেছে। ইনস্টিটিউট অফ ইন্টারন্যাশনাল এডুকেশনের পরিসংখ্যান থেকে এ তথ্য পাওয়া গেছে। যুক্তরাষ্ট্রে বিদেশী ছাত্রের সংখ্যার বিচারে এবারও শীর্ষে আছে ভারত। এরপরই আছে চীন ও দক্ষিণ কোরিয়া। সৌদি আরবের শিক্ষার্থীদের সংখ্যা ২৫ শতাংশ বৃদ্ধি পাওয়ায় শীর্ষ ১০ তালিকায় সেদেশের নাম উঠেছে। সৌদি সরকারের নতুন বৃত্তির পরিপ্রেক্ষিতে ছাত্র সংখ্যা বেড়েছে। চীনা ছাত্ররাও রেকর্ড পরিমাণে যুক্তরাষ্ট্রে পড়তে যাচ্ছে। গত বছরের তুলনায় এই সংখ্যা ২০ শতাংশ বেড়েছে বলে পরিসংখ্যানে দেখা গেছে। চীনের অর্থনৈতিক অবস্থা জোরদার ও মধ্যবিত্তের সংখ্যা বাড়ার পাশাপাশি মার্কিন বিশ্ববিদ্যালয়গুলোর আগ্রাসী ভর্তি নীতির কারণে চীনা ছাত্ররা বেশি করে যুক্তরাষ্ট্রে যাচ্ছে। বেইজিং থেকে আসা ওহিও স্টেট ইউনিভার্সিটির ছাত্র জিয়াওলি লিউ জানান, চীনা বিশ্ববিদ্যালয়গুলোতে ভালো একাডেমিক কোর্স পড়ানো হলেও তা মার্কিন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে তুলনা হয় না। মার্কিন বিশ্ববিদ্যালয়ে ক্লাস বহির্ভূত অনেক কিছু করা যায়। ইনস্টিটিউট অফ ইন্টারন্যাশনাল এডুকেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা পেগি ব্লুমেনথাল বলেন, 'ভিসা পাওয়া অসম্ভব- এই ভুল ধারণার অবসান হয়েছে।' যুক্তরাষ্ট্রে বসবাসকারী ছাত্র ও তাদের পরিবারের সদস্যরা সেদেশের অর্থনীতিতে বছরে দেড় হাজার কোটি ডলারেরও বেশি অবদান রাখছে।